দৈনিক খবর

তারিখ ... 08 MAY 1991 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩

১১

16

সব পরীক্ষা পিছিয়ে গেল

# শনিবার থেকে ঢাকা ভার্সিটি সাত দিনের ছুটি ঘোষণা

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের উপকূলীয় অঞ্চলে মারাত্মক ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় আগামী শনিবার থেকে এক সপ্তাহের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সম্প্রতি ঘূর্ণিঝড়ে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে যে ক্ষয়ক্ষতি হয়েছে তা আলোচিত হয়। উপাচার্য সিন্ডিকেট সদস্যদের অবহিত করেন যে অনেক ছাত্র-ছাত্রী এবং শিক্ষক উপকূলীয় অঞ্চলে ত্রাণকার্যে যেতে ইচ্ছুক। একই সাথে ঐ এলাকার বহু ছাত্র-ছাত্রী তাদের আত্মীয়-স্বজনদের দেখার জন্য ঢাকা ত্যাগ করেছেন। এ অবস্থায় সিন্ডিকেট গৃহীত সিদ্ধান্তে বলা হয়, দেশের দক্ষিণাংশে ও উপকূলীয় অঞ্চলে প্রবাহিত ভয়াবহ ও প্রলয়ংকরী ঘূর্ণিঝড় এবং জলোচ্ছ্বাসে যে লাখ লাখ মানুষ প্রাণ হারিয়েছেন এবং যে কোটি কোটি টাকার সম্পদ বিনষ্ট হয়েছে তাতে সিন্ডিকেটের এই সভা গভীর শোক প্রকাশ, নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা, আহতদের আশু আরোগ্য কামনা এবং জীবিতদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে। সভায় দেশের সর্বস্তরের জনগণকে তাদের সর্বশক্তি নিয়োগ করে উপদ্রুত এলাকায় দুর্গতদের সাহায্য-সহযোগিতা প্রদানের জন্য আবেদন জানান হয়।

সিদ্ধান্তে বলা হয়; যাতে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এ ত্রাণ কার্যে অংশগ্রহণ করতে পারেন সেজন্য আগামী শনিবার ১১ই মে থেকে বৃহস্পতিবার ১৬ই মে পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাশসমূহ বন্ধ থাকবে। মাস্টার্স ফাইনাল এমএ/ এমএসএস, তৃতীয় বর্ষ (সম্মান) বিএ/বিএসএস এবং ১ম বর্ষ বিএ/ বিএসসি/বিএসএস (সম্মান) পরীক্ষার তারিখসমূহ পরিবর্তন করা হলো। এ সম্পর্কে পরীক্ষা নিয়ন্ত্রক বিজ্ঞপ্তি দেবেন।